দৈনিক ইত্তেফাক
JUN. 10 2002

সাধারণ পাসপোর্ট করতে লাগবে ৭৫০-এর পরিবর্তে ২০০০ টাকা

# পাসপোর্টের ফী ১৮০ শতাংশ পর্যন্ত বৃদ্ধি

সুলতান মাহমুদ ॥ পাসপোর্টের ফী ৫৮ থেকে ১৮০ শতাংশ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সরকারী গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে পাসপোর্টের এই মূল্য বৃদ্ধির সিদ্ধান্ত কার্যকর করা হয়। নতুন পাসপোর্ট এবং পুরনো পাসপোর্ট নবায়ন প্রতিক্ষেত্রেই ফী বাড়ানো হয়েছে। বাংলাদেশ পাসপোর্ট রুল ৭৪ অনুযায়ী পাসপোর্টের ফী বাড়ানো হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বহির্গমন শাখা-১-এর প্রজ্ঞাপণ অনুযায়ী এখন যে কোন ৪৮ পৃষ্ঠার সাধারণ পাসপোর্টের জন্য ফী দিতে হবে দুই হাজার টাকা। আগে এই ফী ছিল ৭৫০ টাকা। জরুরী পাসপোর্টের ফী সাড়ে ১২শ' থেকে বাড়িয়ে দ্বিগুণেরও বেশী অর্থাৎ তিন হাজার টাকা করা হয়েছে।

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## পাসপোর্ট ফী বৃদ্ধি

প্রথম পৃষ্ঠার পর

অতি জরুরী পাসপোর্টের জন্য ফী নেয়া হচ্ছে ৫ হাজার টাকা। আগে এই ফী ছিল ৩ হাজার ১৫ টাকা। ৬৪ পৃষ্ঠার পাসপোর্টের জন্য প্রত্যেক ক্ষেত্রে বাড়তি ফী ধরা হয়েছে ৫শ' টাকা হারে। শুধু নতুন পাসপোর্টের জন্যই নয়, আগের যে কোন পাসপোর্ট জরুরী নবায়নে প্রতি বছরের জন্য এক হাজার টাকা ফী দিতে হবে। আগে এই ফী ছিল পাঁচশ' টাকা। স্বাভাবিকভাবে পাসপোর্ট নবায়নের ফী সাড়ে তিনশ' টাকার স্থলে বাড়ানো হয়েছে বছরে পাঁচশ' টাকা হারে। ৬৪ পৃষ্ঠার পাসপোর্টের এ নবায়নে নতুন ফী সাড়ে ৭শ' টাকা। অতি জরুরী বিশেষ পাসপোর্টের ফী করা হয়েছে আড়াই হাজার টাকা। জরুরী বিশেষ পাসপোর্ট দু'হাজার টাকা এবং স্বাভাবিক নিয়মে বিশেষ পাসপোর্ট নিতে হলে ফী দিতে হবে এক হাজার টাকা। একইভাবে বাড়ানো হয়েছে এনডোর্সমেন্টের ফীও।